

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্লিনসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৮- ৬৭১

তারিখ: ২৮.০৫.২০১৮ খ্রি.।

বিষয়: চাঁদপুর জেলার চাঁদপুর সদর উপজেলাধীন ফরক্কাবাদ ইসলামিয়া সিনিয়র মাদরাসার সহকারী অধ্যাপক, হাদিস (ইনডেক্স নং-০৪১০৭৩) জনাব আবুল মোকাররম মো: ইউছুফ এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) ফরক্কাবাদ ইসলামিয়া সিনিয়র মাদরাসার স্মারক নং-ফম/১০২/এমপিও/সংশোধন/২৬/৮/১৭

তারিখ: ২৬.০৮.২০১৭ খ্রি:।

(২) জেলা শিক্ষা অফিস, চাঁদপুর এর স্মারক নং-জেশিঅ/চাঁদ-৬০৩৪

তারিখ: ১২.০৯.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, চাঁদপুর জেলার চাঁদপুর সদর উপজেলাধীন ফরক্কাবাদ ইসলামিয়া সিনিয়র মাদরাসা কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে তাঁর মাদরাসার সহকারী অধ্যাপক, (হাদিস) (ইনডেক্স নং-০৪১০৭৩) জনাব আবুল মোকাররম মো: ইউছুফ এর জন্ম তারিখ সংশোধন বিষয়ক একখানা আবেদন জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর বরাবর দাখিল করা হয়।

০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনটি জেলা শিক্ষা অফিস, চাঁদপুর কর্তৃক এ অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব আবুল মোকাররম মো: ইউছুফ এর এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০৬.১৯৫৭ খ্রি: মুদ্রিত হয়। অপরদিকে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তাঁর জন্ম তারিখ প্রমাণক দাখিল সনদে জন্ম তারিখ ০১.০৯.১৯৫৭ খ্রি: উল্লিখিত হয়েছে।

০৫. এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ (০১.০৬.১৯৫৭) ও দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৯.১৯৫৭) ভিন্ন হওয়ায় দাখিল সনদ অনুযায়ী এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০৯.১৯৫৭ হিসেবে সংশোধনের জন্য অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরে আবেদন করা হয়েছে।

০৬. জেলা শিক্ষা অফিসারের আবেদন এবং আবেদনের সাথে সংযুক্ত তথ্য ও রেকর্ড পর্যালোচনায় আরো লক্ষ্য করা যায় যে, জনাব আবুল মোকাররম মো: ইউছুফ বর্ণিত মাদরাসায় ০২.০৪.১৯৮৬ খ্রি: তারিখে যোগদান করেন এবং একই তারিখে (০২.০৪.১৯৮৬) এমপিওভুক্ত হন।

০৭. আবেদনের সাথে সংযুক্ত তথ্য পর্যালোচনায় আরো দেখা যায় যে, জন্ম তারিখ সম্বলিত তাঁর ১ম এমপিও শীট ১৯৯৭ সালে প্রকাশিত হয় এবং প্রথম থেকেই এমপিও শীট তাঁর জন্ম তারিখ ০১.০৬.১৯৫৭ মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যাহত আছে। এ দীর্ঘ (১৯৯৭-২০১৬) ১৯ বছরে জন্ম তারিখ সংশোধনের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

০৮. আবেদনের সাথে সংযুক্ত তথ্য পর্যালোচনায় আরো দেখা যায় যে, জনাব আবুল মোকাররম মো: ইউছুফ কর্তৃক ২০০৮, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের বেতন বিলে জন্ম তারিখ ০১.০৬.১৯৫৭ হিসেবে স্বাক্ষরপূর্বক বেতন-ভাতা উত্তোলন করা হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, ২০০৮ সালেই প্রথম ভুল জন্ম তারিখ সনাক্ত হলেও তিনি তা সংশোধনের কোন পদক্ষেপ গ্রহণ করেন নি।


০৭. উল্লেখ্য যে, স্বাক্ষর আইনের ১১৫ নং ধারায় উল্লিখিত হয়েছে “যখন এক ব্যক্তি তাহার ঘোষণা, কার্য বা কার্য বিরতির দ্বারা স্বেচ্ছায় অন্য ব্যক্তিকে কিছু সত্য বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়েছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন, তখন উহাদের মধ্যে বা উহাদের প্রতিনিধিদের মধ্যে কোন মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্বীকার করতে পারবেন না”। অর্থাৎ যা স্বাক্ষর আইন অনুযায়ী **estoppel** এর আওতায় পড়ে।

০৮. বর্ণিত মাদরাসার কর্তৃপক্ষ (অধ্যক্ষ/সভাপতি) কর্তৃক প্রস্তুতকৃত জন্ম তারিখ সম্বলিত বেতন-ভাতাদির বিল জনাব আবুল মোকাররম মো: ইউছুফ কর্তৃক দীর্ঘ ৪ বছর যাবৎ স্বজ্ঞানে, জেনে-বুঝে জন্ম তারিখ ০১.০৬.১৯৫৭ এর বিপরীতে বেতন বিলে স্বাক্ষরপূর্বক বেতন-ভাতা (এমপিও) উত্তোলন করায় স্বাক্ষর আইনের ১১৫ ধারা মোতাবেক জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ তাঁর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ ০১.০৬.১৯৫৭ সঠিক মর্মে স্বীকার করে নিয়েছেন মর্মে স্পষ্ট হয় যা তিনি কোনভাবেই অস্বীকার করতে পারেন না (স্বাক্ষর আইনের **estoppel** এর বিধান মতে)।

১০. উপরিউক্ত মতে জনাব আবুল মোকাররম মো: ইউছুফ এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটিই ০১.০৬.১৯৫৭ হিসেবে বিবেচিত হবে এবং এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০৯.১৯৫৭ হিসেবে সংশোধনের কোন সুযোগ আছে বলে এ অধিদপ্তর মনে করে না।

১১. বর্ণিত মতে চাঁদপুর জেলার চাঁদপুর সদর উপজেলাধীন ফরক্কাবাদ ইসলামিয়া সিনিয়র মাদরাসার সহকারী অধ্যাপক, হাদিস (ইনডেক্স নং-০৪১০৭৩) জনাব আবুল মোকাররম মো: ইউছুফ এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি ((০১.০৬.১৯৫৭) স্বাক্ষর আইনের ১১৫ নং ধারা অনুযায়ী সংশোধনের কোন সুযোগ নেই।

১২. এমতাবস্থায় উপরিউক্ত মতে বিষয়টি নির্দেশক্রমে মহোদয়ের গোচরে নেয়া হলো।


(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৫৯

ই-মেইল-dgdmeb@gmail.com

১. জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর।

অনুলিপি: ০১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।

০২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁদপুর।

০৪. অফিস কপি।